# Analysis Report

---

## 47th BCS Preli Program

### Daily Live Exam Bangladesh Affairs-03

Obtained Marks: **19.5/30** (Correct: 21, Incorrect: 3, Skipped: 6)

Highest Marks: Will be published after 12:05 AM on 05 Sep, 2024

Merit Position: Will be published after 12:05 AM on 05 Sep, 2024

CorrectIncorrectSkipped
Question 1 Correct

শিক্ষাব্যবস্থার সংস্কারের লক্ষ্যে 'শরীফ শিক্ষা কমিশন' রিপোর্টটি প্রকাশিত হয় কবে?

A

১৯৬২ সালে

B

১৯৫৮ সালে

C

১৯৬৪ সালে

D

১৯৬০ সালে

A
81%
B
7%
C
7%
D
4%

**Solution:**

১৯৫৮ সালের ৩০ ডিসেম্বর শিক্ষাব্যবস্থা সংস্কারের লক্ষ্যে পাকিস্তানের শিক্ষা সচিব এস এম শরিফকে চেয়ারম্যান করে ‘শরিফ শিক্ষা কমিশন’ নামে একটি কমিশন গঠিত হয়। ২৬ আগস্ট, ১৯৫৯ এই কমিশনের পেশকৃত রিপোর্টে বলা হয় ‘শিক্ষা এমন কোন জিনিস নয় যা বিনামূল্যে পাওয়া যেতে পারে।’ রিপোর্টটি প্রকাশ করা হয় ১৯৬২ সালে।

Question 2 Correct

## ১৯৬৯ সালে শেখ মুজিবুর রহমানকে ‘বঙ্গবন্ধু’ উপাধিতে ভূষিত করেন কে?

A

আ. স. ম. আব্দুররব

B

গাজীউল হক

C

তোফায়েল আহমেদ

D

সিরাজুল আলম খান

A

0%

B

0%

C

93%

D

7%

**Solution:**

১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি শেখ মুজিবুর রহমান মুক্তি লাভ করে। ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে রেসকোর্স ময়দানে এক গণসংবর্ধনার আয়োজন করা হয়। উক্ত গণসংবর্ধনায় ছাত্র পরিষদের সভাপতি ও ডাকসু ভিপি তোফায়েল আহমেদ শেখ মুজিবুর রহমানকে ‘বঙ্গবন্ধু’ উপাধিতে ভূষিত করেন।

Question 3 Correct

## ভাষা আন্দোলনের প্রথম শহিদ হলেন-

A

রফিক উদ্দিন

B

আব্দুস সালাম

C

আব্দুল জাব্বার

D

আবুল বরকত

A

79%

B

3%

C

3%

D

14%

**Solution:**

৫২ এর ভাষা আন্দোলনের প্রথম শহিদ রফিক। তার পুরো নাম রফিক উদ্দিন আহমেদ। তিনি ১৯২৬ সালে মানিকগঞ্জের সিঙ্গাইর থানার পারিল গ্রামে জন্মগ্রহণ করেন। রফিক জগন্নাথ কলেজের ছাত্র ছিলেন। বাবুবাজার-বাদামতলী একটি প্রেসের মালিক ছিলেন তার বাবা জনাব আব্দুল লতিফ।

Question 4 Correct

‘পাকিস্তানের রাষ্ট্রভাষা সমস্যা’ শিরোনামে একটি প্রবন্ধ প্রকাশ করেন কে?

A

ড. মুহম্মদ শহীদুল্লাহ্

B

অধ্যাপক আবুল কাশেম

C

আবুল মনসুর আহমদ

D

ধীরেন্দ্রনাথ দত্ত

A

58%

B

17%

C

8%

D

17%

**Solution:**

ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ‘পাকিস্তানের রাষ্ট্রভাষা সমস্যা’ শিরোনামে একটি প্রবন্ধ প্রকাশ করেন। ১৯৪৭ সালের জুলাই মাসে আলীগড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. জিয়াউদ্দীন আহমদ উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার সপক্ষে অভিমত ব্যক্ত করেন। ড. মুহম্মদ শহীদুল্লাহ ২৪ জুলাই, ১৯৪৭ দৈনিক আজাদ পত্রিকায় “পাকিস্তানের রাষ্ট্রভাষা সমস্যা” শীর্ষক একটি প্রবন্ধে জিয়াউদ্দীন আহমদের বক্তব্যের সমালোচনা করে এর বিরোধিতা করেন।

Question 5 Correct

পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি করা হয়-

A

৭ সেপ্টেম্বর, ১৯৫৬

B

৭ অক্টোবর, ১৯৫৮

C

২০ অক্টোবর, ১৯৫৮

D

২৭ অক্টোবর, ১৯৫৮

A

11%

B

70%

C

0%

D

19%

**Solution:**

পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি করা হয় ৭ অক্টোবর, ১৯৫৮ সালে। ১৯৫৮ সালের ৭ অক্টোবর তৎকালীন প্রেসিডেন্ট মেজর জেনারেল (অব:) ইস্কান্দার মির্জা সামরিক বাহিনীর সহায়তায় প্রধানমন্ত্রী মালিক ফিরোজ খান নূনের সংসদীয় সরকারকে উৎখাত করে সামরিক আইন জারি করেন। ৮ অক্টোবর পাকিস্তান সেনাবাহিনীর জেনারেল আইয়ুব খানকে প্রধান সামরিক আইন প্রশাসক নিযুক্ত করেন। ইস্কান্দার মির্জাকে উৎখাত করে ২৭

অক্টোবর ১৯৫৮ সালে জেনারেল আইয়ুব খান ২য় বার পাকিস্তানে সামরিক শাসন জারি করেন।

Question 6 Skipped

## ১৯৫৪ সালের পূর্ববঙ্গ প্রাদেশিক আইন পরিষদের নির্বাচনে ভোটারদের ভোটদানের সর্বনিম্ন বয়স কত ছিল?

A

৩৫

B

২১

C

২৫

D

১৮

A

6%

B

41%

C

6%

D

47%

**Solution:**

১৯৫৪ সালের পূর্ববঙ্গ প্রাদেশিক আইন পরিষদের নির্বাচনে ভোটারদের ভোটদানের সর্বনিম্ন বয়স ছিল ২১ বছর। ১৯৩৫ সালের ভারত শাসন আইনের নির্বাচন বিধি সংশোধন করে পাকিস্তান গণপরিষদ ১৯৫২ সালের এপ্রিল মাসে নতুন নির্বাচন বিধি প্রণয়ন করে। এ নির্বাচন বিধি অনুযায়ী-

(i) ২১ বছর বয়সী সকল নাগরিক ভোট দিতে পারবেন।

(ii) নির্বাচন অনুষ্ঠিত হবে ২১ বছর বয়স্ক নাগরিকদের প্রত্যক্ষ ভোটে।

Question 7 Correct

## ১৯৫৪ সালের নির্বাচনে মুসলিম লীগের প্রতীক কী ছিল?

A

ধানের শীষ

B

লাঙল

C

হারিকেন

D

নৌকা

A

0%

B

12%

C

46%

D

42%

**Solution:**

১৯৫৪ সালের নির্বাচনে:
হারিকেন- মুসলিম লীগ।
নৌকা- যুক্তফ্রন্ট।

Question 8 Correct

## আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুর পক্ষে মামলা পরিচালনা করেন কে?

A

এম আর খান

B

এস এ রহমান

C

মুকসুমুল হাকিম

D

স্যার টমাস উইলিয়াম

A

0%

B

14%

C

9%

D

77%

**Solution:**

১৯৬৮ সালের ১৮ জানুয়ারি মামলা দায়ের করা হয়। ১৯৬৮ সালের ১৯ জুন, কুর্মিটোলা সেনানিবাসে মামলার বিচারকার্য শুরু হয়। পাকিস্তান সামরিক শাসকদের এই ষড়যন্ত্রমূলক মামলায় বঙ্গবন্ধুর পক্ষে মামলা পরিচালনা করেন ব্রিটিশ আইনজীবী স্যার টমাস উইলিয়াম।

Question 9 Correct

কত সালে প্রথমবারের মতো বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়?

A

১৯৯৮ সালে

B

২০০০ সালে

C

১৯৯৯ সালে

D

২০০১ সালে

A

0%

B

77%

C

27%

D

0%

**Solution:**

বাঙালি জাতির ১৯৫২ সালের আত্মত্যাগের দীর্ঘ ৪৭ বছর পর ১৯৯৯ সালের ১৭ নভেম্বর UNESCO ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি প্রদান করে। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি UNESCO-র ১৮৮ টি সদস্য রাষ্ট্রে এটি প্রথমবারের মতো পালিত হয়।

Question 10 Correct

'আসাদের শার্ট' কবিতার পটভূমি-

A

৬২'র শিক্ষা আন্দোলন

B

৭১'র মুক্তিযুদ্ধ

C

৬৯'র গণঅভ্যুত্থান

D

৬৬'র ছয় দফা

A

0%

B

0%

C

90%

D

10%

**Solution:**

শহিদ আসাদ স্মরণে কবি শামসুর রাহমান লিখেছিলেন কালজয়ী কবিতা 'আসাদের শার্ট'। তাতে কবি লিখেছিলেন 'আমাদের দুর্বলতা, ভীরুতা কলুষ আর লজ্জা/সমস্ত দিয়েছে ঢেকে একখণ্ড বস্ত্র মানবিক;/আসাদের শার্ট আজ আমাদের প্রাণের পতাকা।' ১৯৬৯ সালের ২০ জানুয়ারি বিক্ষুব্ধ ছাত্রদের মিছিলে পুলিশ গুলি চালালে শহিদ হন ছাত্রনেতা আসাদ। এর পর আসাদের সেই রক্তমাখা শার্ট যেন হয়ে উঠেছিল তৎকালীন পাকিস্তান সরকারের বিরুদ্ধে প্রতিবাদের প্রতীক। ২০ জানুয়ারি, ১৯৬৯ এ মিছিলে নেতৃত্বদান কালে পুলিশের গুলিতে আসাদের মৃত্যু হয়। তার মৃত্যুতে আন্দোলন ব্যাপক রূপ লাভ করে। অনেক জায়গায় আইয়ুবের নামফলক নামিয়ে আসাদের নাম উৎকীর্ণ করে। এভাবে 'আইয়ুব গেট' হয়ে যায় 'আসাদ গেট'।

Question 11 Incorrect

## বঙ্গবন্ধু কত সালে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন?

A

১৯৪৯

B

১৯৫৫

C

১৯৬৬

D

১৯৫৩

A

6%

B

39%

C

33%

D

28%

**Solution:**

১৯৪৯ সালের ২৩ জুন আওয়ামী মুসলিম লীগ গঠিত হয়। ১৯৫৩ সালে বঙ্গবন্ধু সাধারণ সম্পাদক হন। ১৯৫৫ সালে আওয়ামী মুসলিম লীগ থেকে 'মুসলিম' শব্দটি অপসারিত হয়। ১৯৬৬ সালের ১৮-২০ মার্চ আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের ১৯ মার্চ বঙ্গবন্ধু আওয়ামী লীগের সভাপতি নিযুক্ত হন।

Question 12 Skipped

কার শাসনামলে রোমান হরফে বাংলা লেখার উদ্যোগ গ্রহণ করা হয়?

A

ইস্কান্দার মির্জা

B

আইয়ুব খান

C

নুরুল আমিন

D

খাজা নাজিমুদ্দীন

A

14%

B

36%

C

14%

D

36%

**Solution:**

১৯৫৯ সালে পাকিস্তান প্রেসিডেন্ট আইয়ুব খান রোমান হরফে বাংলা লেখার উদ্যোগ গ্রহণ করেন।

Question 13 Correct

‘এগারো দফা’ কখন ঘোষণা করা হয়?

A

১৯৬৮ সালে

B

১৯৬৯ সালে

C

১৯৬৭ সালে

D

১৯৭০ সালে

A
11%
B
85%
C
4%
D
0%

**Solution:**

সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক ১১ দফা ঘোষিত হয় ৪ জানুয়ারি, ১৯৬৯ সালে। ১১ দফার অন্তর্ভুক্ত ছিল ৬ দফা। এছাড়াও ১১ দফার উল্লেখযোগ্য বিষয়:

- হামিদুর রহমান শিক্ষা কমিশন ও বিশ্ববিদ্যালয় সব আইন বাতিল।
- ৬ দফা দাবির প্রেক্ষিতে পূর্ব পাকিস্তানে পূর্ণ স্বায়ত্তশাসন প্রতিষ্ঠা।
- আগরতলা মামলায় অভিযুক্তদের মুক্তি (১১নং)।

Question 14 Correct

উনসত্তরের গণঅভ্যুত্থানে শহিদদের স্মরণে ‘গণঅভ্যুত্থান দিবস’ পালিত হয়-

A

১৫ ফেব্রুয়ারি

B

২৪ জানুয়ারি

C

১৮ ফেব্রুয়ারি

D

৬ জুন

A

0%

B

83%

C

8%

D

8%

**Solution:**

গণঅভ্যুত্থান দিবস হলো বাংলাদেশে ২৪ জানুয়ারি উদ্‌যাপিত একটি জাতীয় দিবস। পূর্ব পাকিস্তান থেকে বাংলাদেশের স্বাধীনতার পূর্বে স্বায়ত্তশাসনের লক্ষ্যে ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে শহিদের স্মরণে এই দিবসটি উদ্‌যাপন করা হয়।
১৯৬৯ সালের ২৪ জানুয়ারি আন্দোলন দমনে ঢাকায় পুলিশের ছোঁড়া গুলিতে নবকুমার ইন্সটিটিউশনের একাদশ শ্রেণির ছাত্র মতিউর রহমান মল্লিক ও রিকশাচালক রুস্তম আলী নিহত হন। এই হত্যার পর আন্দোলন দেশব্যাপী ছড়িয়ে পড়ে এবং ফলস্বরূপ স্বৈরশাসক আইয়ুব খানের পতন ঘটে।
বাংলাদেশি রাজনীতিবিদদের মতে দিনটি বাংলাদেশের নাগরিকদের গণতন্ত্রের মর্যাদা ও দমনমূলক নীতির প্রতিবাদে উদ্বুদ্ধ করে।

Question 15 Incorrect

১৯৭০ এর জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ কতটি আসন লাভ করে?

A

১৬৭

B

১৮৭

C

৩১৩

D

২৯৮

A

72%
B
3%
C
0%
D
24%
## Solution:

| ১৯৭০ এর নির্বাচন | | | |
|---|---|---|---|
| আইনসভার আসন বিন্যাস | নির্বাচিত আসন | সংরক্ষিত আসন | মোট আসন |
| জাতীয় পরিষদ | ৩০০ | ১৩ | ৩১৩ |
| আওয়ামী লীগ | ১৬০ | ৭ | ১৬৭ |
| প্রাদেশিক পরিষদ | ৩০০ | ১০ | ৩১০ |
| আওয়ামী লীগ | ২৮৮ | ১০ | ২৯৮ |

Question 16 Correct

## ‘ঘেরাও আন্দোলন কর্মসূচি’ ঘোষণা করেন কে?

A
মওলানা ভাসানী
B
শেখ মুজিব
C
শাহাজান সিদ্দিকী
D
তোফায়েল আহমেদ
A
78%
B
9%
C
0%
D
13%
## Solution:

আটষট্টির ছাত্র আন্দোলন গণ আন্দোলনে পরিণত হয় মওলানা ভাসানীর 'ঘেরাও আন্দোলন কর্মসূচি' এর মাধ্যমে। ২৯ ডিসেম্বর, ১৯৬৮ পাবনার ডিসির বাড়ি ঘেরাওয়ের মাধ্যমে এ আন্দোলনের সূচনা ঘটে।

Question 17 Correct

## আনুষ্ঠানিক ভাবে ছয় দফা ঘোষণা করা হয় কবে?

A

৫-৬ ফেব্রুয়ারি, ১৯৬৬

B

১৮ মার্চ, ১৯৬৬

C

১৩ মার্চ, ১৯৬৬

D

২৩ মার্চ, ১৯৬৬

A

4%

B

0%

C

4%

D

93%

**Solution:**

১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলের সম্মেলনে ৬ দফা কর্মসূচি পেশ করা হয়। ১৩ মার্চ আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটিতে আমাদের বাঁচার দাবি ৬ দফা- গৃহীত হয়। ১৮ মার্চ- আওয়ামী লীগের কাউন্সিলে "আমাদের বাঁচার দাবি ছয় দফা" গৃহীত হয়। ২৩ মার্চ- লাহোরে এক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিক ভাবে ছয় দফা ঘোষণা করেন শেখ মুজিব।

Question 18 Correct

## ১৯৫৪ সালের পূর্ব বাংলা আইন পরিষদের নির্বাচনে মুসলিম আসন কয়টি ছিল?

A

২৩৫

B

৩০৯

C

২৩৭

D

৭২

A

4%

B

13%

C

74%

D

9%

**Solution:**

১৯৫৪ সালের ১০ মার্চ অনুষ্ঠিত নির্বাচনে পূর্ব বাংলা আইন পরিষদের মোট আসন সংখ্যা ছিল ৩০৯টি। এর মধ্যে মুসলিম আসন ছিল ২৩৭টি এবং অমুসলিম সম্প্রদায়ের জন্য সংরক্ষিত আসন ছিল ৭২টি।

Question 19 Correct

পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাকালীন সভাপতি কে ছিলেন?

A

শেখ মুজিবুর রহমান

B

শামসুল হক

C

ইয়ার মোহাম্মদ খান

D

মওলানা ভাসানী

A

3%

B

0%

C

0%

D

97%

**Solution:**

১৯৪৯ সালের ২৩ জুন পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ গঠিত হয়। সভাপতি- মওলানা ভাসানী; সাধারণ সম্পাদক- শামসুল হক; যুগ্ম সম্পাদক- শেখ মুজিবুর রহমান; কোষাধ্যক্ষ- ইয়ার মোহাম্মদ খান।

Question 20 Correct

নবকুমার ইন্সটিটিউটের ছাত্র মতিউর রহমান কোন আন্দোলনে শহিদ হন?

A

গণঅভ্যুত্থান

B

ছয় দফা আন্দোলন

C

ভাষা আন্দোলন

D

একাত্তরের মুক্তিযুদ্ধ

A

70%

B

11%

C

19%

D

0%

**Solution:**

১৯৬৯ সালের ২৪ জানুয়ারি বঙ্গবন্ধুর মুক্তির দাবিতে ছাত্র আন্দোলনে পুলিশ গুলি চালালে নবকুমার ইনস্টিটিউটের দশম শ্রেণির ছাত্র মতিউর রহমান শহিদ হন। তার স্মৃতিরক্ষায় নবকুমার ইনস্টিটিউটে স্মৃতিসৌধ গড়ে তোলা হয়।

Question 21 Correct

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট উদ্বোধন করা হয় কবে?

A

২০০১ সালে

B

২০০২ সালে

C

২০০৯ সালে

D

২০১০ সালে

A

35%

B

12%

C

6%

D

47%

**Solution:**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ঢাকার সেগুনবাগিচায় অবস্থিত। ২০০১ সালের ১৫ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা, জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি আনানের উপস্থিতিতে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। ২০১০ সালের ২১ ফেব্রুয়ারি উদ্বোধন করা হয়। উদ্দেশ্য: বিভিন্ন দেশের ভাষা সংরক্ষণ, গবেষণা ও চর্চা।

Question 22 Skipped

অধ্যাপক শামসুজ্জোহা কখন নিহত হন?

A

২০ জানুয়ারি, ১৯৬৯

B

১৫ ফেব্রুয়ারি, ১৯৬৯

C

২৪ জানুয়ারি, ১৯৬৯

D

১৮ ফেব্রুয়ারি, ১৯৬৯

A

16%

B

8%

C

8%

D
68%
**Solution:**

৬৯’র গণঅভ্যুত্থানে শহিদ: ২০ জানুয়ারি- আসাদ; ১৫ ফেব্রুয়ারি- সার্জেন্ট জহরুল হক; ১৮ ফেব্রুয়ারি- অধ্যাপক শামসুজ্জোহা; ২৪ জানুয়ারি- মতিউর রহমান নিহত হন।

Question 23 Correct

ছয় দফা দাবির চতুর্থ দফার বিষয়বস্তু কী ছিল?

A
আঞ্চলিক সেনাবাহিনী গঠন সংক্রান্ত ক্ষমতা
B
মুদ্রা ও অর্থ সম্বন্ধীয় ক্ষমতা
C
রাজস্ব কর বা শুল্ক সম্বন্ধীয় ক্ষমতা
D
শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রীয় প্রকৃতি

A
4%
B
14%
C
86%
D
0%
**Solution:**

১ম দফা- দেশের শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রীয় প্রকৃতি।
২য় দফা- দেশ রক্ষা ও বৈদেশিক নীতি।
৩য় দফা- মুদ্রা ও অর্থসম্বন্ধীয় ক্ষমতা।
৪র্থ দফা- রাজস্ব কর বা শুল্ক সম্বন্ধীয় ক্ষমতা।
৫ম দফা- বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা।
৬ষ্ঠ দফা- আঞ্চলিক সেনাবাহিনী গঠন সংক্রান্ত ক্ষমতা।

Question 24 Incorrect

আইয়ুব খানের শাসনামলে পূর্ব পাকিস্তানে মৌলিক গণতন্ত্রীর সংখ্যা ছিল-

A

৮০ হাজার

B

৫০ হাজার

C

৪০ হাজার

D

৭০ হাজার

A

45%

B

5%

C

55%

D

0%

**Solution:**

১৯৫৯ সালের ২৭ অক্টোবর প্রেসিডেন্ট জেনারেল আইয়ুব খান 'মৌলিক গণতন্ত্র অধ্যাদেশ' জারি করেন। মৌলিক গণতন্ত্রীর সংখ্যা ছিল পূর্ব ও পশ্চিম পাকিস্তানের ৪০ হাজার করে ৮০ হাজার।

Question 25 Correct

ভাষা শহিদদের স্মরণে নির্মিত কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি কে?

A

তানভীর কবীর

B

অস্কার বাদল

C

হামিদুর রহমান

D

হামিদুজ্জামান

A

4%

B

0%

C
93%
D
4%
**Solution:**

১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারির ভাষা শহিদদের স্মরণে ১৯৫২ সালের ২৩ ফেব্রুয়ারি প্রথম শহিদ মিনার স্থাপিত হলেও এর স্থায়িত্ব ছিল কম। তারপর হামিদুর রহমানের নকশা ও পরিকল্পনায় ১৯৫৭ সালের নভেম্বর মাসে দ্বিতীয় বারের মতো শহিদ মিনারের নির্মাণ কাজ শুরু হয় এবং ১৯৫৮ সালের ২১ ফেব্রুয়ারি উদ্বোধন করা হয়। এরপর বাংলাদেশ স্বাধীন হওয়ার পর পূর্বের নকশা অনুযায়ী শিল্পী হামিদুর রহমান স্থপতি এম এস জাফরের সঙ্গে মিলিতভাবে স্বাধীন বাংলাদেশে কেন্দ্রীয় শহিদ মিনার পুনঃনির্মাণ করেন।

Question 26 Correct

ছয় দফার কারণে শেখ মুজিবুর রহমান গ্রেফতার হন-

A
২৩ মার্চ, ১৯৬৬
B
১৮ মার্চ, ১৯৬৬
C
২৬ মে, ১৯৬৬
D
৮ মে, ১৯৬৬
A
29%
B
6%
C
12%
D
53%
**Solution:**

৮ মে, ১৯৬৬ সালে ছয় দফার কারণে শেখ মুজিবসহ আওয়ামী লীগের অনেক নেতাকে গ্রেপ্তার করা হয়। এই গ্রেপ্তারের পূর্বে ২০ মার্চ থেকে ৮ মে পর্যন্ত ৫০ দিনে তিনি ৩২ টি জনসভায় ভাষণ দেন।

Question 27 Correct

ভাষা আন্দোলনের উপর রচিত প্রথম উপন্যাস কোনটি?

A

নিরন্তর ঘণ্টাধ্বনি

B

একুশে ফেব্রুয়ারি

C

আরেক ফাল্গুন

D

যাপিত জীবন

A

0%

B

4%

C

96%

D

0%

**Solution:**

ভাষা আন্দোলনের উপর রচিত প্রথম উপন্যাস ‘আরেক ফাল্গুন’। এর রচয়িতা জহির রায়হান। ‘একুশে ফেব্রুয়ারি’ জহির রায়হানের আরেকটি উপন্যাস। ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস ‘যাপিত জীবন’ ও ‘নিরন্তর ঘণ্টাধ্বনি’ এর ঔপন্যাসিক সেলিনা হোসেন।

Question 28 Skipped

১৯৬৮ সালে আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুকে গ্রেপ্তার করা হয়-

A

৩ জানুয়ারি

B

১৮ জানুয়ারি

C

২২ ফেব্রুয়ারি

D

১৯ জুন

A
27%
B
45%
C
14%
D
14%

**Solution:**

১৯৬৮ সালের ৩ জানুয়ারি আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়। ১৮ জানুয়ারি বঙ্গবন্ধুকে গ্রেপ্তার করা হয়। ১৯ জুন মামলার বিচারকার্য শুরু হয়। ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু মুক্তি লাভ করে।

Question 29 Skipped

‘Sincerity of purpose and honesty of purpose’ কথাটি বঙ্গবন্ধুকে কে বলেছিলেন?

A

হোসেন শহিদ সোহরাওয়ার্দী

B

মওলানা ভাসানী

C

এ কে ফজলুল হক

**D**

শেখ লুৎফর রহমান

A
40%
B
30%
C
10%
D
20%

**Solution:**

শেখ মুজিব বলেন, আব্বা আমাকে একটি কথা বলেছিলেন, “বাবা রাজনীতি কর আপত্তি করবো না, পাকিস্তানের জন্য সংগ্রাম করছো এতো সুখের কথা, তবে লেখাপড়া করতে ভুলিও না। লেখাপড়া না শিখলে মানুষ হতে পারবে না। আর একটা কথা মনে রেখ,

Sincerity of purpose and honesty of purpose থাকলে জীবনে পরাজিত হবা না।”

Question 30 Skipped

মারী চুক্তি কবে সম্পাদিত হয়?

A

২৩ মার্চ, ১৯৫৬

B

৭ জুলাই, ১৯৫৫

C

৩০ মে, ১৯৫৪

D

৭ ফেব্রুয়ারি, ১৯৫৭

A

0%

B

67%

C

8%

D

25%

**Solution:**

মারী চুক্তি, ১৯৫৫:

এই চুক্তি অনুসারে পূর্ববাংলার নাম পূর্ব পাকিস্তান করা হয়। চুক্তিটি সম্পাদিত হয় ১৯৫৫ সালের ৭ জুলাই পশ্চিম পাকিস্তানের মারীতে।